গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়,
স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবি-ইউনিসেফ)প্রকল্প
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্বরণী,
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন (৪র্থ তলা) কাকরাইল, ঢাকা -১০০০।
টেলিফোন নং-৯৩৪৯৭৪৪, ফ্যাক নং-৮৩৩৬১৭, ই-মেইল :pdnik@dphe.gov.bd

স্মারক নং- ১৪৬১/প্রঃপ/জস্বাপ্রঅ তারিখঃ ১৮ /০৪/ ২০১০ ইং।

নিয়োগ বিজ্ঞপ্তি

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবি-ইউনিসেফ) প্রকল্পের আওতায় উন্নয়ন খাতে অর্থ বিভগের ২৪/১০/২০০৫ইং তারিখের পরিপত্র নং-অম/অবি/বাজেট-১২/বিবিধ-৫২/২০০৩/১৫৭৩ মোতাবেক নির্ধারিত সাকুল্যে বেতনে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নেবর্নিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পুরণের জন্য নিম্নোক্ত শর্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্যে বেতন গ্রেড	বয়সসীমা	নূন্যতম যোগ্যতা
১।	সহকারী প্রকৌশলী	০৬	৯	১৮ হতে ৩০ বছর।	বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) অথবা সমমানের ডিগ্রী অথবা এএমআইই সেকশন এ এন্ড বি (সিভিল) পাস।
২।	ওমেন ডেভলপমেন্ট অফিসার	০১	৯	১৮ হতে ৩০ বছর।	সমাজ বিজ্ঞানের যে কোন শাখা হতে অনার্সসহ স্নাতকত্তোর ডিগ্রি (সকল পরীক্ষায় নূন্যতম ২য় শ্রেণী হতে হবে)।
৩।	জুনিয়ার সোশ্যাল ডেভলপমেন্ট অফিসার	০২	১০	১৮ হতে ৩০ বছর।	সমাজ বিজ্ঞানে স্নাতকত্তোর ডিগ্রিধারী (সকল পরীক্ষায় নূন্যতম ২য় শ্রেণী হতে হবে)। প্রকল্প এলাকায় প্রতি মাসে অন্তত ২ সপ্তাহ প্রকল্পের কাজে ভ্রমণে আগ্রহী হতে হবে।

শর্তাবলীঃ

১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাসিন্দা হতে হবে।

২) আবেদন পত্রে দরখাস্তকারীর (ক) পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (ইউনিয়ন পরিষদ/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদপত্রে উপজেলা ও জেলা উল্লেখ করতে হবে) (চ) জন্ম তারিখ (ছ)৩১/০৩/২০১০ইং তারিখে বয়স(বৎসর,মাস,দিন উল্লেখ করতে হবে) (জ) শিক্ষাগত যোগ্যতার বিবরণী (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) নিজ জেলা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) ধারাবাহিকভাবে উল্লেখ পূর্বক প্রকল্প পরিচালক, স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবি-ইউনিসেফ) প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্বরণী, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় সরাসরি বা ডাকযোগে আবেদন পত্র ১২/০৫/২০১০ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

৩) আবেদন পত্রের সাথে ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীলস্বাক্ষর দ্বারা সত্যায়িত (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও নাগরিকত্বের সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন)কপি ছবি (ঘ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (যদি থাকে) ইত্যাদি সংযুক্তি করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রর্দশন করতে হবে।

৪) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা /ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার এর নাম যুক্ত সীলস্বাক্ষর দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৫) প্রার্থীর বয়স সীমা ৩১/০৩/২০১০ইং তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

৬) কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসৃত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে) দাখিল করতে হবে। আবেদন পত্রে মুক্তিযোদ্ধার সন্তান কথাটি উল্ল্যেখ করতে হবে।

৭) সরকারী/আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত আবেদনকারীগনকে নিজ নিজ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৮) আবেদন পত্রে খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৯) পরীক্ষার প্রবেশপত্র প্রেরণের সুবিধার্থে প্রার্থীরা বর্তমান ঠিকানা সম্বলিত ৪/- (চার) টাকা মূল্য মানের ডাকটিকিট যুক্ত ৪″ X ১০″ সাইজের ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০) প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল মাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষা বা সাক্ষাৎকার গ্রহণের জন্য পত্র মারফত জানানো হবে।

১১) নিয়োগের জন্য নির্বাচিত হলে তাহার শারিরিক যোগ্যতা স্বপক্ষে সিভিল সার্জন এর নিকট হতে সরকারী চাকুরীর জন্য উপযুক্ত মর্মে ডাক্তারী সনদপত্র দখিল করতে হবে। অন্যথায় যোগদানপত্র গ্রহণ করা হবে না।

১২) নিয়োগের জন্য নির্বাচিত হলে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোনরূপ বিরূপ মন্তব্য থাকিলে নিয়োগ পত্র বাতিল করা হবে।

১৩) প্রকল্পের মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে।

১৪) আবেদনপত্র সরাসরি গ্রহনের এবং ডাকযোগে পৌছানো শেষ তারিখ ১২/০৫/২০১০ইং (অফিস চলাকালীন সময় পর্যন্ত) উক্ত তরিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১৫) বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র, অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন আবেদন পত্র সরাসরি বাতিল বলে গন্য করা হবে।

১৬) আবেদন পত্রের সাথে ১০০/- (একশত)টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎতযোগ্য), প্রকল্প পরিচালক, জিওবি-ইউনিসেফ প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর অনুকুলে সংযুক্ত করতে হবে।

১৭) বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে কম/বেশী করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৯) লিখিত পরীক্ষায় বা সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

২০) কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২১) নিয়োগ বিজ্ঞপ্তিটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.dphe.gov.bd. এবং স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইট www.lgd.gov.bd এ পাওয়া যাবে।

১৮/৪/১০

(প্রকৌ. নুরুল ইসলাম খান)
প্রকল্প পরিচালক
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ঢাকা
ও
সদস্য সচিব
উন্নয়ন প্রকল্প নিয়োগ কমিটি-১।

চলমান পাতা ২